# গুপ্তচর কি?

সরকার মসজিদ বা অন্যান্য উপাসনালয়, সংগঠন, কর্মক্ষেত্র বা ব্যক্তি বিশেষ এর ব্যাপারে তথ্য সংগ্রহ করার জন্য গুপ্তচর ব্যাবহার করে।
গুপ্তচর দুই ধরনের হতে পারে:
(১) সাধারন একজন, আইন প্রয়োগকারী সংস্থার জন্য কাজ করে অথবা
(২) গোপনে FBI বা পুলিশ।
কিন্তু গুপ্তচর কিছুতেই নিজেকে সরকারের প্রতিনিধি হিসেবে প্রকাশ করবে না।

* যে ব্যক্তি বা সংগঠনের উপর গুপ্তচররা নজরদারী করছে, তাদের না জানিয়ে বা তাদের অনুমতি ছাড়াই সরকারকে তাদের সম্পর্কে তথ্য দিচ্ছে। গুপ্তচররা অন্যদেরকে অপরাধ করার জন্য উদ্বুদ্ধ করতে পারে।

## আমি একজন গুপ্তচরকে চিনবো কি করে?

গুপ্তচর চেনার নির্দিষ্ট কোনো উপায় নেই, কারন পরিচয় লুকিয়ে রাখা গুপ্তচরের দায়িত্বের অংশ। যাই হোক যেসব মামলা কোর্টে দায়ের করা হয়েছে, সেসবের ভিত্তিতে গুপ্তচরদের সম্পর্কে যা জানা গেছে তাহলো:

* যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে সন্ত্রাসী কর্মকান্ড সমর্থন করে বা শুপারিশ করে।
* যে সব দল বা ব্যক্তি সন্ত্রাসী কার্যকলাপের সঙ্গে সম্পৃক্ত তাদের সঙ্গে যোগাযোগ করিয়ে দেয়।
* অপেক্ষাকৃত কম বয়সের মানুষ, দূর্বল ব্যক্তি বা যারা অপরাধী (ক্রিমিনাল রেকর্ড আছে) তারাই গুপ্তচরদের লক্ষ্য।
* সন্দেহ জনক ভাবে উদার, নিজের খরচে বন্ধুত্ব নিশ্চিত করবে, এবং বিপুল উপহারের লোভ দেখাবে।
* অন্যদের বারবার উৎসাহিত করবে তাদের কর্মকান্ডে যোগ দিতে।
* মারমুখিতা আর ধ্বংসাত্মকতা দেখাবে।

## কাউকে যদি গুপ্তচর বলে সন্দেহ হয়, তখন কি করবো?

* সে ব্যক্তিকে এড়িয়ে চলার চেষ্টা করুন।
* স্পষ্ট ভাবে বুঝিয়ে দিন আপনার মসজিদ, সংগঠন বা কেন্দ্র আক্রমনাত্মক বা হিংস্র বক্তব্য বরদাসত করে না।
* আপনার কমিউনিটি অথবা বিশ্বস্ত কাউকে আপনার সন্দেহের কথা জানান।
* CLEAR -এর সাথে পরামর্শ করুন, কি করে পরিস্থিতির মুখোমুখী হবেন।

## গুপ্তচররা কেন সমস্যা?

* গুপ্তচরের উপস্থিতি ও বিবৃতি একটি কমিউনিটির বৈধ কর্মকান্ডকেও সন্দেহ জনক, বিতর্কিত বা নিরাপত্তহীন করে তুলতে পারে।
* সরকার দূর্বল ব্যক্তিদের অপরাধ মূলক কার্যকলাপে প্রলুব্ধ করতে গুপ্তচরদের ব্যাবহার করে।
* গুপ্তচররা প্রতিনিয়ত মিথ্যে কথা বলে।
* গুপ্তচররা কখনো তাদের পরিচয় দেয় না, এমনকি তাদের পরিচয় জানতে চাইলেও না।
* গুপ্তচররা সর্বসাধারনের জন্য উন্মুক্ত ধর্মীয় সভাগুলোতে যোগ দেয়। এমনকি তল্লাসীর পরোয়ানা ছাড়াই।
* গুপ্তচরেরা নিয়মিত গোপন রেকর্ডিং যন্ত্র সাথে রাখে। তারা আলাপচারিতা রেকর্ড করতে পারে এবং সরকারের সম্ভাব্য প্রয়োজনে ব্যবহার করার জন্য সরবরাহ করে।

## এটা কি ফুসলিয়ে ফাঁদে (Entrapment) ফেলা নয়?

* ফাঁদে ফেলার অভিযোগ করে আদালতে আত্মপক্ষ সমর্থন করা যেতে পারে, তবে এ নিয়ম কেবল অপরাধের অভিযোগ আরোপ করার পরে করা যায়।
* ফাঁদে ফেলার আইনি অভিযোগ তোলা মানে সরকার অপরাধ সাজিয়েছে এই অভিযোগ করা।
* ফাঁদে ফেলার আইনি অভিযোগের সংজ্ঞা খুবই সিমীত এবং এটা নির্ভর করবে অভিযুক্ত ব্যক্তির আসল উদ্দেশ্য কি ছিল তার উপর। কিন্তু সরকার তার প্রতি কতটুকু খারাপ আচরন করেছে তা বিবেচ্য হবে না।
* ফাঁদে ফেলার আইনি অভিযোগ বেশিরভাগ সময়েই বিচারক ও জুরিদের দ্বারা নাকচ হয়।

## আমি নিজেকে কি করে রক্ষা করব?

* আপনার যদিও কোনো শাস্তি যোগ্য অপরাধ করার উদেশ্য নেই, তবু মনে রাখবেন অনির্দিষ্ট চুক্তি "বস্তুগত সাহায্য" হিসেবে পরিগনিত হবে এবং ফলে শাস্তি যোগ্য অপরাধের দায় বর্তাবে। অতএব অনির্দিষ্ট চুক্তিতে জড়ানোর আগে সাবধান হতে হবে। এধরনের চুক্তি সাধারনত অপব্যাখ্যা করা হয় অথবা অপ্রাসঙ্গিক ভাবে বিবেচনা করা হয়।

* একজন গুপ্তচর আপনাকে এমন কোনো ব্যক্তি বা সংস্থাকে সাহায্য করতে বা তাদের সঙ্গে যোগদিতে উদ্বুদ্ধ করতে পারে যে ব্যক্তি বা সংস্থা সন্ত্রাসী বা সন্ত্রাসের সমর্থক বলে সরকার কর্তৃক চিহ্নিত। এমন ব্যক্তি বা সংস্থার সঙ্গে আপনার কোনো যোগাযোগ বা সম্বন্ধ আপনাকে অপরাধী হিসেবে চিহ্নিত করতে পারে বা আপনার অভিবাস অবস্থানে প্রভাব ফেলতে পারে। কোনো সংস্থায় যোগ দেবার বা সাহায্য করতে সম্মত হবার আগে ভালো করে খোঁজ নিন। স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইটে " Specially Designated Nationals" ও তালিকা দেখুন অথবা সাহায্যের জন্য CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন।

* আপনি যদি মনে করেন আপনি গুপ্তচরের সঙ্গে ওঠাবসা করছেন, তবে বিনা খরচে পরামর্শের জন্য CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন।

* যখন কথা বলবেন সবসময় আপনার উদ্দেশ্য পরিস্কার করে দেবেন, বলবেন যে আপনি সন্ত্রাসের পক্ষে কথা বলছেন না।

* এবং এটাও পরিস্কার করবেন যে আপনি কাউকে অপরাধ মূলক কার্যকলাপে উদ্বুদ্ধ করছেন না (যেমন, বেআইনী অনুপ্রবেশ, ধ্বংসাত্মক কর্মকান্ড বা দৈহিক আক্রমন, ইত্যাদি)। মানুষকে অপরাধমূলক কার্যকলাপে জড়ানোর জন্য আহ্বান করা সুরক্ষিত বক্তব্য নয়।

# প্রথম সংশোধনীতে আমার কি কি অধিকারের কথা বলা হয়েছে?

৯/১১ পরবর্তী সময়ে অনেক মুসলমান মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারী কার্যকলাপের প্রতিবাদ করতে ভয় পায়। কি বলছেন তার প্রতি সতর্ক থাকা অবশ্যই জরুরী। কিন্তু একত্রীত হওয়া, জোট বাঁধা এবং কথা বলার অধিকার চর্চা করাও জরুরী।

যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রথম সংশোধনীতে প্রতিটি ব্যাক্তির বিশ্বাস প্রকাশ করার অধিকার আছে। যদি সে বিশ্বাস জনপ্রিয় নাও হয় তবুও।

প্রথম সংশোধনী যা সংরক্ষন করে না তা হলো:

* এমন কোনো বক্তব্য যা সহিংসতাকে উস্কে দেয় বা বেআইনী কার্যকলাপকে উদ্বুদ্ধ করে।

* এমন কোনো বক্তব্য যা তাৎক্ষনিক হিংস্র প্রতিক্রিয়ার সৃষ্টি করতে পারে।

## আমাকে যদি গুপ্তচর হবার প্রস্তাব করা হয় বা সরকারকে তথ্য দিতে বলা হয় সেক্ষেত্রে কি করবো?

* আপনি সরকারের জন্য কাজ করতে কখনোই বাধ্য নন, বা আইন প্রয়োগকারী সংস্থাকে তথ্য দিতে বাধ্য নন। আপনি যদি সরকারী গুপ্তচর হিসেবে কাজ করেও থাকেন, আপনি যে কোনো সময়ে তা বন্ধও করতে পারেন।

* আইন প্রয়োগকারী সংস্থা যেসব কমিউনিটি সম্পর্কে তথ্য সংগ্রহ করতে চায়, সেই কমিউনিটির লোক বা তাদের সম্পর্কে যে খোঁজ খবর রাখে তেমন লোকদের গুপ্তচর হিসেবে নিয়োগ করা হয়। আপনাকে যদি গুপ্তচর হতে অনুরোধ করা হয় লজ্জা পাবেন না।

* সরকার সাধারনত নানা রকম প্রলোভন দেখিয়ে গুপ্তচর বানায়। গুপ্তচররা সাধারনত তাদের সাজা মওকুফ করতে, অথবা অভিবাসনের সুবিধা নিতে কাজ করে থাকে। আবার তারা অর্থের জন্যও কাজ করে থাকে।

* সরকারের প্রতিনিধি আপনাকে ভয় দেখিয়ে, চাপসৃষ্টি করে বা প্রলোভন দেখিয়ে গুপ্তচর হতে প্রস্তাব করতে পারে বা আপনার কমিউনিটি সম্পর্কে তথ্য দিতে বলতে পারে।

### .......অতএব আমার কি করনিয়?

* একজন আইনজীবির সঙ্গে কথা বলুন। আইনগত পরামর্শ নিলে আপনি আপনার অধিকার এবং উপায় সম্পর্কে ভালো ধারনা পাবেন।

* আপনি যদি ইতোঃমধ্যে আইন প্রয়োগকারী সংস্থার জন্য গুপ্তচরের কাজ করে থাকেন, জানবেন যে কোনো সময় আপনার মত পরিবর্তন করার অধিকার আছে।

* মনে রাখবেন সরকার আপনার গুপ্তচর বৃত্তির বিনিময়ে যা প্রতিশ্রুতী দিয়েছে সরকার তা পালন করতে বাধ্য নয়।

## আইনগত সাহায্যের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন

আপনি যদি আইনগত সহযোগিতা, পরামর্শ বা কারো সঙ্গে যোগাযোগের জন্য সুপারিশ চান তবে CLEAR -এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা বিনা পারিশ্রমিকে তাদের প্রতিনিধিত্ব করি, যারা আইন প্রয়োগকারী সংস্থার প্রশ্নের সম্মুখিন হয়েছে বা তল্লাসীর আওতায় পরেছে; গ্র্যান্ড জুরি ও সসাবপিনা মামলা; দানদক্ষিনা, ভ্রমন আরো অনেক বিষয়ে সহযোগিতা করি।

### সচেতনতা বৃদ্ধি করুন

এ প্রসঙ্গে আপনার মসজিদ বা কমিউনিটি সেন্টারে CLEAR-এর সহযোগিতায় বিনা খরচে কর্মশালা আয়োজন করুন।

# আপনার অধিকার জেনে নিন

## গুপ্তচর সম্পর্কে কি জানা উচিৎ

৯/১১ পরবর্তী সময়ে সরকার মুসলমান, আরব ও দক্ষিন এশিয়দের উপর নজরদারী বাড়িয়েছে। এই নজরদারী বেশীরভাগটাই কার্যকর হয় গুপ্তচর দ্বারা। আপনি যদি একজন গুপ্তচরের মুখোমুখী হন বা আইন প্রয়োগকারী সংস্থা আপনাকে গুপ্তচর হবার প্রস্তাব করে তার মুকাবিলা করার জন্য এই পুস্তিকা আপনাকে তথ্য সরবরাহ করবে, যাতে আপনি ভালো ভাবে প্রস্তুতি নিতে পারেন।

CLEAR

CREATING LAW ENFORCEMENT ACCOUNTABILITY & RESPONSIBILITY

**CLEAR SERVICES ARE PROVIDED FREE OF CHARGE.**
For more information, or to request support:

(718) 340-4558 | cunyclear@law.cuny.edu
www.cunyclear.org

CUNY SCHOOL OF LAW
MAIN STREET LEGAL SERVICES

Bangla - Informants